

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

তারিখ: ০৮/১১/২০১৮ খ্রি:

৪ বছর মেয়াদী ফাযিল স্নাতক (অনার্স) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা এর ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষে ফাযিল স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় মেধাতালিকায় ও অপেক্ষামান মেধাতালিকায় উত্তীর্ণদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের ১মবর্ষে চূড়ান্ত ভর্তির কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য নিজ নিজ বিভাগে যোগাযোগ করতে হবে। উল্লেখ্য যে, যে সকল পরীক্ষার্থী অপেক্ষামান তালিকায় রয়েছে তারা রিলিজ স্লিপ নিয়ে অত্র মাদরাসার অন্য বিভাগে ভর্তি হতে পারবে।

১। ভর্তির তারিখ ও সময়:

- মেধাতালিকায় উত্তীর্ণদের ভর্তির কার্যক্রম আগামী ১২/১১/২০১৮ থেকে ২২/১১/২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
- আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষামান মেধাতালিকায় উত্তীর্ণদের ভর্তির কার্যক্রম আগামী ২৭/১১/২০১৮ তারিখে সম্পন্ন করা হবে।
- প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত ভর্তির কার্যক্রম অনুষ্ঠিত হবে।

২। ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- দাখিল ও আলিম পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি ৩টি করে মোট ১২টি।
- চার কপি পাসপোর্ট সাইজ ও দুই কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি।
- আলিম পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এর মূল কপি একটি খামে ভিতর করে জমা দিতে হবে।

৩। ভর্তির ফিসমূহ:

ভর্তির নির্ধারিত ফি অফিস কক্ষে ও সেমিনার ফি বিভাগে জমা দিতে হবে।


৪। ভর্তির কার্যক্রমের জন্য যোগাযোগ:

- আল-কুরআন বিভাগ : কক্ষ নং-১০৫
- আল-হাদীস বিভাগ : কক্ষ নং-১০৬
- দাওয়া বিভাগ : কক্ষ নং-১০৮
- আরবি বিভাগ : কক্ষ নং-১০৯
- ইতিহাস বিভাগ : কক্ষ নং-১১১

৫। সবক অনুষ্ঠান:

আগামী ০৫/১২/২০১৮ তারিখ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় মাদরাসা মসজিদে সবক অনুষ্ঠান উদ্ব্যাপিত হবে। সবক অনুষ্ঠানে উপস্থিত থাকা বাধ্যতামূলক।

বি.দ্র. মূল আবেদন ফরম স্বহস্তে পুরণ করার পর দুই সেট ফটোকপি করে মোট তিনটি আবেদন ফরম তৈয়ার করতে হবে এবং প্রত্যেক আবেদন ফরমের সাথে এক কপি করে উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।


প্রফেসর মোঃ আলমগীর রহমান
আইডি নং-৩৩৪
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

প্রফেসর মোঃ আলমগীর রহমান
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।